BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
THURSDAY, JANUARY 22, 2026
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল II

**বৃহস্পতিবার,** 22 জানুয়ারি, 2026 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত, শুধু

শিক্ষার্থীর নাম________________________________________________

স্কুলের নাম________________________________________________

**এই পরীক্ষার সময় যেকোনো রকমের যোগাযোগকারী ডিভাইস রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। যদি আপনার কাছে কোনো যোগাযোগকারী ডিভাইস থাকে বা ব্যবহার করেন, তাহলে সেটা যত কম সময়ই কাছে থাকুক বা ব্যবহার করে থাকুন না কেন, আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং কোনো নম্বর দেওয়া হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি পৃথক উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পুরণ করুন।

এই পরীক্ষায় তিনটি অংশ রয়েছে। আপনাকে সব ভাগের **সব** ক'টি প্রশ্নের উত্তর দিতে হবে। ভাগ II এবং III-তে আপনার উত্তর লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**ভাগ II** -এ দুই সেট নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্ন (CRQ) রয়েছে। প্রতিটি নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নের সেট দুটি নথি সমন্বিত, যাতে শেষের দিকে কয়েকটি প্রশ্ন দেওয়া রয়েছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষা পুস্তিকার প্রতিটিপ্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**ভাগ III** -এ পাঁচটি নথির ওপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনা পুস্তিকায় এই প্রশ্নের উত্তর লিখুন।

এই পরীক্ষা সম্পন্ন করার পরে, আপনাকে এই উত্তরপত্রের শেষে দেওয়া মুদ্রিত বিবৃতিতে স্বাক্ষর করতে হবে এই মর্মে যে, এই পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরের বিষয়ে আগে থেকে বেআইনিভাবে জানতেন না, এই পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কারও সাহায্য পাননি বা কাউকে সাহায্য করেননি। এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা হবে না।

**সংকেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## ভাগ I

### এই ভাগের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা ধারণা থেকে সেই শব্দটি বা ধারণাটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটিকে সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 এবং 2 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন

> ভার্সাইতে জীবন
>
> . . .তিনি [রাজা চতুর্দশ লুই (Louis XIV)] কেবলমাত্র উচ্চপদস্থ ব্যক্তিদের রাজদরবারে নিয়মিত উপস্থিত থাকার প্রত্যাশাই করতেন না, বরং নিম্নপদস্থ কারও অনুপস্থিতিও তৎক্ষণাৎ লক্ষ করতেন। *লিভার (lever)* [সকালে ঘুম থেকে ওঠা], *কাউচার (coucher)* [রাতে শোওয়া], খাবারের সময় কিংবা ভার্সাই প্রাসাদের বাগানে (যে একমাত্র স্থানে সাধারণত দরবারের [উপদেষ্টারা] তাঁকে অনুসরণ করার অনুমতি পেতেন), তিনি সর্বদা ডান-বাম দিকে নজর বোলাতেন; কিছুই তাঁর দৃষ্টি এড়াত না, তিনি সবার ওপর নজর রাখতেন। কোনো ব্যক্তি যদি নিয়মিতভাবে রাজদরবারে বসবাস করেও অনুপস্থিত থাকতেন, রাজা কারণ জানতে অনড় থাকতেন; যারা শুধু অল্প সময়ের জন্য [দ্রুত] সাক্ষাৎ করত, তাদেরও সন্তোষজনক ব্যাখ্যা দিতে হতো; আর যারা খুব কমই বা একেবারেই হাজির হতো না, তারা রাজকীয় অসন্তোষ ভোগ করত নিশ্চিতভাবে। এমন ব্যক্তিদের জন্য কারও পক্ষ থেকে যদি অনুগ্রহ প্রদানের অনুরোধ করা হতো, তিনি [অহংকারভরে] উত্তর দিতেন: “আমি তাকে চিনি না”; যারা খুব কমই দৃষ্টিগোচর হতো, তাদের সম্পর্কে বলতেন: “সে এমন একজন মানুষ যাকে আমি কখনো দেখি না”; এবং এই রায়ের বিরুদ্ধে কোনো আপিল ছিল না। . . .

উৎস: Louis de Rouvroy Saint-Simon, *Memoirs of the Duke de Saint-Simon (ডিউক দে সেন্ট-সিমনের স্মৃতিকথা)*

1 একজন ঐতিহাসিক এই অনুচ্ছেদটি সবচেয়ে বেশি উপকারী মনে করবেন

(1) চতুর্দশ লুই (Louis XIV) দ্বারা অনুসৃত কূটনীতির নিয়ম
(2) চতুর্দশ লুই (Louis XIV)-এর শাসনামলের কার্যকারিতা
(3) সম্ভ্রান্তদের নিয়ন্ত্রণের জন্য চতুর্দশ লুই (Louis XIV) যে পদ্ধতিগুলি ব্যবহার করেছিলেন
(4) চতুর্দশ লুই (Louis XIV)-এর ইশ্বর প্রদত্ত অধিকার সম্পর্কে বিশ্বাস

2 কোন ঐতিহাসিক পরিস্থিতি এই অনুচ্ছেদে বর্ণিত একটির সাথে সবচেয়ে বেশি সামঞ্জস্যপূর্ণ?

(1) ফিদেল কাস্ত্রো (Fidel Castro)-র নেতৃত্বে কিউবা বিদ্রোহ
(2) ক্যাথরিন দ্য গ্রেট (Catherine the Great)-এর অধীনে রাশিয়ায় ভূমিদাসদের মুক্তি
(3) টোকুগাওয়া (Tokugawa) জাপানে একটি বিকল্প উপস্থিতি পদ্ধতির বাস্তবায়ন
(4) মাও সেতুং (Mao Zedong)-এর অধীনে দুর্নীতিগ্রস্ত কর্মকর্তাদের অপসারণের জন্য রেড গার্ডের সমাবেশ

---

3 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .এই মূল চুক্তির পাশাপাশি, সর্বোচ্চ সংখ্যাগরিষ্ঠদের ভোট সবসময় বাকিদের বাধ্য করে; এবং এটি চুক্তির নিজস্ব ফলাফল। তবে প্রশ্ন তোলা যেতে পারে, একটি মানুষ কীভাবে একই সঙ্গে স্বাধীন হতে পারে এবং সেই ইচ্ছাগুলোর সঙ্গে মানিয়ে চলতে বাধ্য হতে পারে যা তার নিজস্ব নয়। বিরোধী সংখ্যালঘু কীভাবে স্বাধীন এবং একই সঙ্গে এমন আইনগুলোর অধীন হতে পারে যেগুলোর প্রতি তারা সম্মতি দেয়নি? . . .

উৎস: Jean-Jacques Rousseau (জ্যাঁ-জাক রুসো), *The Social Contract (দি সোসিয়াল কন্ট্রাক্ট)*, 1762


3 কোন বিবৃতিটি লেখকের দৃষ্টিভঙ্গি সবচেয়ে সঠিকভাবে বর্ণনা করে?

(1) রাজা সর্বোচ্চ ক্ষমতা ধারণ করেন।
(2) নাগরিকরা শুধুমাত্র সেই আইনগুলিতে ভোট দেন যেগুলির সাথে তারা একমত।
(3) রাষ্ট্রের ক্ষমতার কোন সীমা নেই।
(4) ব্যক্তিগত ক্ষমতা সংখ্যাগরিষ্ঠ দ্বারা সীমাবদ্ধ।

---

4 ও 5 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**জল্লাদকে গিলোটিনে মৃত্যুদণ্ড দেন ম্যাক্সিমিলিয়ান রোবসপিয়ের (Maximilien Robespierre)**




উৎস: *La Guillotine en 1793* (1793 সালের গিলোটিন) (অভিযোজিত)

4 এই কার্টুনটি দ্বারা কোন দাবিটিকে সবচেয়ে ভালোভাবে সমর্থিত হয়?

(1) ফ্রান্সের জনগণ বিভিন্ন ধর্মের প্রতি সহিষ্ণু ছিলেন।
(2) ফ্রান্স বিপ্লবের একটি উগ্র পর্যায়ে প্রবেশ করেছিল।
(3) ফ্রান্সে জ্ঞানোদয় যুগের ধারণা ও মূল্যবোধ বজায় রাখা হয়েছিল।
(4) ফ্রান্স একটি সীমিত সাংবিধানিক রাজতন্ত্র প্রতিষ্ঠা করেছিল।

5 এই কার্টুনে প্রদর্শিত পরিস্থিতির ফলস্বরূপ কোন পরিস্থিতি তৈরি হয়েছিল?

(1) ফ্রান্সের এস্টেটস সিস্টেম পুনরায় প্রতিষ্ঠিত হয়েছিল।
(2) রাজা ষোড়শ লুই (Louis XVI)-কে পরিপূর্ণ একনায়ক হিসেবে পুনরায় প্রতিষ্ঠিত করা হয়েছিল।
(3) নেপোলিয়ন (Napoleon) ক্ষমতায় উঠে বিশৃঙ্খলা কমিয়েছিলেন।
(4) ক্যাথলিক চার্চ আরও শক্তিশালী হয়ে উঠেছিল।

6 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .1819, সালে তারা জলাভূমি হয়ে যাত্রা শেষে, প্লোয়ী পর্বতমালা সেনাবাহিনীর উচ্চ পাহাড়ি মেশতিসোগণের জন্য স্বাগত দর্শন ছিল। তবে অনেক সমভূমির বাসিন্দা কখনও কর্ডিলেরা (পর্বতমালা) দেখেনি; পরবর্তী যাত্রার ধাপ দেখে প্রায় 300 জন তাদের দল ছেড়ে চলে যায়। যেসব সৈন্য বেঁচে ছিলেন, তারা সমতল ভূমির তীব্র গরম ও আর্দ্রতা সহ্য করে 400 মাইল পথ হেঁটেছিল, কিন্তু এদের অনেকেই উচ্চ অ্যান্ডিজ পর্বতের শীতল তাপমাত্রা ও উচ্চতায় মানিয়ে নিতে পারেনি। . . .

উৎস: Daniel Ray, "In the Footsteps of Simón Bolívar's Campaign to Liberate Colombia" (সিমোন বলিভারের কলম্বিয়া মুক্তির অভিযানের পদচিহ্নে), *BBC World Histories*, আগস্ট/সেপ্টেম্বর 2019

6 একজন ঐতিহাসিক এই অনুচ্ছেদটি সবচেয়ে বেশি উপকারী মনে করবেন

(1) সিমোন বলিভার (Simón Bolívar)-এর বাহিনীর গোত্রগত গঠন বিশ্লেষণ করার জন্য
(2) সিমোন বলিভার (Simón Bolívar)-এর বাহিনীকে প্রভাবিত করা অর্থনৈতিক পরিবর্তনশীল নির্ধারণ করার জন্য
(3) দক্ষিণ আমেরিকার স্বাধীনতা সংগ্রামে ব্যবহৃত অস্ত্রের মূল্যায়ন করার জন্য
(4) কলম্বিয়ার স্বাধীনতা সংগ্রামে ভূগোলগত কারণগুলোর প্রভাব বোঝার জন্য

---

7 ও 8 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . দুর্ভিক্ষের সময় তাদের কর্মপন্থা নির্ধারণের ক্ষেত্রে, ব্রিটিশ সরকারি কর্মকর্তা এবং প্রশাসকরা সেই সময়ের জনপ্রিয় তত্ব, যাকে বলা হয়, "লাইসেজ-ফায়ার (laissez-faire)" (অর্থাৎ হতে দিন) কঠোরভাবে মেনে চলেন, যা "হ্যান্ডস-অফ" নীতির পক্ষে ছিল এই বিশ্বাসে যে সমস্ত সমস্যা অবশেষে "প্রাকৃতিক উপায়ে" নিজেরাই সমাধান হবে।
>
> সামাজিক সমস্যাগুলোকে এড়িয়ে চলা এবং ব্যক্তিগত উদ্যোগ বা ভূমির মালিকদের অধিকারে হস্তক্ষেপ না করার জন্য তাই প্রচণ্ড চেষ্টা করা হয়েছিল। সমগ্র দুর্ভিক্ষ কালীন সময়ে, ব্রিটিশ সরকার কখনোই আয়ারল্যান্ডকে ব্যাপক খাদ্যসাহায্য দেয়নি, এই অনুমানের ভিত্তিতে যে ইংরেজ ভূ-স্বামী এবং বেসরকারি ব্যবসায়ীরা খাদ্যের মূল্যের ওঠানামায় অন্যায়ভাবে ক্ষতিগ্রস্ত হতো।
>
> লাইসেজ-ফায়ার (laissez-faire) নীতিতে অনড় থেকে, ব্রিটিশ সরকার আয়ারল্যান্ডে উৎপাদিত শস্যের ইংরেজ-নিয়ন্ত্রিত রপ্তানি ব্যবসায়েও হস্তক্ষেপ করেনি। দুর্ভিক্ষকালীন বছরগুলোতে, স্থানীয়ভাবে উৎপাদিত বিপুল পরিমাণ গম, যব, ওটস এবং ওটসের আটা লিমেরিক ও ওয়াটারফোর্ডের মতো স্থান থেকে ইংল্যান্ডে পাঠানো হতো, যদিও স্থানীয় আইরিশরা অনাহারে মারা যাচ্ছিল। নগদের জন্য মরিয়া আইরিশ কৃষকরা নিয়মিতভাবে এই শস্য ব্রিটিশদের কাছে বিক্রি করত, যাতে তারা তাঁদের খামারের ভাড়া পরিশোধ করতে পারে এবং উচ্ছেদ এড়াতে পারে।. . .

উৎস: Philip Gavin, "The Irish Potato Famine" (দ্য আইরিশ পটেটো ফ্যামিন), *History Place Online*, 12 জুন, 2000

7 এই অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতির ফলস্বরূপ কোন কাজটি হয়েছিল?

(1) ব্রিটেন নতুন নীতি গ্রহণ করেছিল যা আইরিশদের জন্য খাদ্য সহায়তা কর্মসূচি সমর্থন করেছিল।
(2) খাদ্যের দাম নিয়ন্ত্রণের প্রচেষ্টার ফলে আয়ারল্যান্ডে জীবনযাত্রার মান উন্নত হয়েছিলে।
(3) আইরিশরা ক্ষুধা থেকে পালানোর জন্য বিদেশে অভিবাসন শুরু করেছিল।
(4) ব্রিটিশ নাগরিকরা আইরিশ উৎপাদিত শস্য রপ্তানি নিয়ন্ত্রণের জন্য আয়ারল্যান্ডে অভিবাসন করেছিল।

8 এই অনুচ্ছেদে বর্ণিত অর্থনৈতিক তত্ব সবচেয়ে বেশি সম্পর্কিত সেই ধারণাগুলির সাথে যা পাওয়া যায়

(1) অ্যাডাম স্মিথ (Adam Smith)-এর *রাষ্ট্রসমূহের সম্পদ (The Wealth of Nations)*
(2) ব্যারন দে মন্তেস্কু (Baron de Montesquieu)-র লেখাা *আইনের আত্মা (The Spirit of the Laws)*
(3) মেরি উলস্টোনক্রাফট (Mary Wollstonecraft)-এর লেখা *নারীর অধিকারসমূহের প্রতিপাদন (A Vindication of the Rights of Woman)*
(4) জন লকে (John Locke)-এর *সরকার বিষয়ক দুটি প্রবন্ধ (Two Treatises of Government)*

---

9 ও 10 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।



**"নিরব জনপথ" মানুষ।**
"আপনার **টাকা** অথবা আপনার **জীবন!**"

উৎস: John L. Leech, *Punch (পাঞ্চ)*, জুলাই 10, 1858

9 এই কার্টুনে প্রদর্শিত পরিস্থিতির পেছনে কী কারণ ছিল?

(1) শ্রমিক ইউনিয়নের প্রতিষ্ঠা
(2) সমুদ্র বাণিজ্যের হ্রাস
(3) দীর্ঘস্থায়ী যুদ্ধ ও গৃহদ্বন্দ্ব
(4) শিল্পায়ন ও নগরায়ন

10 ব্রিটিশ সরকার কীভাবে এই কার্টুনে প্রদর্শিত পরিস্থিতি উন্নত করার চেষ্টা করেছিল?

(1) তারা স্বাস্থ্য বিধান উন্নত করার উদ্যোগ নেয়।
(2) তারা কৃষিনির্ভর সমাজে ফিরে যাওয়ার সুপারিশ করে।
(3) তারা নদীর চারপাশের এলাকা খালি করে।
(4) তারা নদীতীর বরাবর কারখানা তৈরি করে।

11 এবং 12 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

1765 সালে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি দ্বারা রবার্ট ক্লাইভ (Robert Clive)-কে ভারতে পাঠানো হয় কোম্পানির কর্মচারীদের মধ্যে বিবাদ মেটাতে এবং তাদের অপব্যবহার দূর করতে।

> . . .ক্লাইভ (Clive) মোগল [মুঘল] সম্রাটের সঙ্গে একটি চুক্তি করেন, যিনি ভারতের নামমাত্র শাসক ছিলেন। সম্রাটকে আলাহাবাদ প্রদান করা হয়, আওধ প্রদেশ কোম্পানি ও সম্রাটের মধ্যে একটি বাফার রাষ্ট্র হিসেবে গড়ে ওঠে, এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হলো, সম্রাট পূর্ব ভারত কোম্পানিকে বেঙ্গল ও বিহার প্রদেশের দেওয়ান বা রাজস্ব প্রশাসকের পদে নিযুক্ত করেন। এই পদক্ষেপটি ছিল, রাজস্ব আদায়কারী হিসেবে ইংলিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির নিয়োগ, যা ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের প্রকৃত সূচনাকে চিহ্নিত করে, যেহেতু কোম্পানিটি এখন কেবল একটি বাণিজ্যিক সংগঠনের পরিবর্তে প্রকৃতপক্ষে একটি আঞ্চলিক শাসক হয়ে ওঠে। এটি দেশের দুটি সমৃদ্ধ প্রদেশের রাজস্ব নিয়ন্ত্রণ করত, যার আয় অন্য কোনো প্রদেশের আয়ের তিনগুণের বেশি ধরা হয়, এবং বেঙ্গলে কোম্পানির আইন সর্বোচ্চ ছিল. . .

উৎস: Woodbridge Bingham, et al., *A History of Asia, Volume II (এ হিস্ট্রি অব এশিয়া, ভলিউম II)*, Allyn and Bacon, 1974

11 এই অনুচ্ছেদ দ্বারা কোন দাবিটি সবচেয়ে ভাল সমর্থিত হয়?

(1) গ্রেট ব্রিটেন এবং ভারত সমান বাণিজ্যিক অংশীদার হয়ে ওঠে।

(2) রবার্ট ক্লাইভ (Robert Clive) ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ প্রভাব সম্প্রসারণের একটি কেন্দ্রীয় ব্যক্তিত্ব ছিলেন।

(3) মোগল সম্রাট সফলভাবে সবচেয়ে লাভজনক প্রদেশগুলি নিয়ন্ত্রণ করতেন।

(4) ইস্ট ইন্ডিয়া কোম্পানি মোগলদের দ্বারা পরিচালিত একটি বাণিজ্য সংস্থা হয়ে ওঠে।

12 ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে রাজস্ব সংগ্রাহকেরূপে নিয়োগ দেওয়া ভারতীয় ইতিহাসে একটি মোড় ঘুরানোর ঘটনা হিসেবে বিবেচিত হতে পারে কারণ এটি

(1) একটি ভারতীয় জাতীয় কংগ্রেস সৃষ্টি করেছিল

(2) এই অঞ্চলে ব্রিটিশ আধিপত্যের দীর্ঘ কালীয় সময় শুরু করেছিল

(3) ভারতের প্রদেশগুলোর স্বাধীনতা গ্যারান্টি দিয়েছিল

(4) বিহার এবং বাংলা প্রদেশকে তাৎক্ষণিক ভাবে ধনী নগরকেন্দ্রে রূপান্তরিত করেছিল

13 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .হিটলার যুব (Hitler Youth) আন্দোলন গড়ে উঠেছিল রাষ্ট্রের প্রতি বিশ্বস্ত নাগরিক তৈরি করার স্পষ্ট উদ্দেশ্য নিয়ে। 1935 সাল নাগাদ 10 বছর এবং তার উপরের তিন মিলিয়নের বেশি ছেলে-মেয়ে এতে নাম লেখিয়েছিল। "আমরা জার্মানির জন্য মারা জন্মেছি" ছিল তাদের একটি জনপ্রিয় স্লোগান। কঠোর শারীরিক প্রশিক্ষণের পাশাপাশি তারা অস্ত্র ব্যবহারে প্রশিক্ষণ পেত এবং নাজি মতাদর্শ নিয়ে বক্তৃতাও শুনত।

উৎস: Chartock and Spencer, eds, *Can It Happen Again? (এটি কী আবার ঘটতে পারে?)*, Black Dog & Leventhal

13 এই অনুচ্ছেদটি সবচেয়ে ভালোভাবে বোঝাতে সাহায্য করে

(1) কিভাবে নাৎসি দল জার্মান শিশুদের মতাদর্শ গঠন করেছিল

(2) কেন নাৎসি জার্মানি পাশের দেশগুলোকে আক্রমণ করেছিল

(3) জার্মানিতে নাৎসি সেন্সরশিপ আইনের উদ্দেশ্য

(4) জার্মান অর্থনীতি উন্নয়নের জন্য নাৎসি দলের নেওয়া পদক্ষেপগুলি

14 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।




সম্প্রসারণবাদী।

"চলো ছেলেরা! আসুন আমরা সবাই নিজেদেরকে ষাঁড়ের মতো বিশাল বানাই।"

উৎস: *Punch (পাঞ্চ)*, 1936 (অভিযোজিত)

14 এই কার্টুনটি দ্বারা কোন দাবিটিকে সবচেয়ে ভালোভাবে সমর্থিত হয়?

(1) প্রাকৃতিক সম্পদের জন্য প্রতিযোগিতা একনায়কতন্ত্রকে প্রত্যাখ্যানের ঘটনা ঘটে।

(2) বৃদ্ধিমান জাতীয়তাবাদ 20শ শতকের প্রথমার্ধে সাম্রাজ্যবাদকে প্রজ্বলিত করেছিল।

(3) জাতীয়তাবাদ বিশ্বের বিভিন্ন স্থানে স্বাধীনতা আন্দোলনের বৃদ্ধিতে নেতৃত্ব দিয়েছে।

(4) সাম্রাজ্য শাসন প্রত্যাহার অনেক দেশে সমরবাদের উত্থান ঘটিয়েছে।

15 এবং 16 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Philip Dorf, *Visualized World History (বিশ্বের ইতিহাস)*, Oxford Book Company, 1937

15 এই কার্টুনটি ব্যবহার করা যেতে পারে

(1) এশিয়ার অন্যান্য অঞ্চলের প্রতি জাপানের প্রদর্শিত হুমকি বোঝানোর জন্য

(2) জাপানের হাতে থাকা সামরিক প্রযুক্তি

(3) ভৌগোলিক প্রতিবন্ধকতা যা চীনকে বিদেশি প্রভাব থেকে রক্ষা করেছিল

(4) পূর্ব এশিয়ায় গঠিত জোট

16 এই কার্টুনে প্রদর্শিত ঘটনার একটি কারণ কী ছিল?


(1) রাশিয়ার পক্ষ থেকে জাপানে আক্রমণের চেষ্টা

(2) দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের পরাজয়

(3) জাপানের মেইজি পুনর্গঠনের সাফল্য

(4) চীন-জাপান যুদ্ধে জাপানের পরাজয়

17 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।




**"স্বাধীনতা থেকে মুক্ত হতে পরবর্তীটি কে, কমরেড?"**

উৎস: David Low, *Evening Standard (ইভনিং স্ট্যান্ডার্ড)*, মার্চ 1948 (অভিযোজিত)

17 এই কার্টুনটির মূল বিষয় কোন সমস্যা?

(1) ইউরোপ ও মধ্যপ্রাচ্যের কিছু অঞ্চলে সাম্যবাদের বিস্তার
(2) আফ্রিকা এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় উপনিবেশ-বিরোধী দেশগুলির জন্য সোভিয়েত সমর্থন
(3) দক্ষিণ আমেরিকা এবং ক্যারিবীয় অঞ্চলে চলমান প্রতিস্পর্ধী যুদ্ধসমূহ
(4) দক্ষিণ এশীয় এবং পূর্ব এশীয় দেশগুলির দ্বারা পারমাণবিক অস্ত্রের উন্নয়ন

18 ও 19 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন

> 1948 সালের জুন মাসে, পশ্চিম জার্মানি পশ্চিম বার্লিনে সংস্কারকৃত ডয়েচমার্ক মুদ্রা প্রবর্তনের সিদ্ধান্তের প্রতিবাদে, সোভিয়েতরা স্থলপথের [পথ] যোগাযোগ বন্ধ করে দেয়। আরও বিস্তৃতভাবে মনে করা হয়, তারা আশা করেছিল যে জার্মানির প্রাক্তন রাজধানীর সঙ্গে এই যোগাযোগ রক্ষা করা পশ্চিমাদের কাছে এতটাই ঝামেলাপূর্ণ হয়ে উঠবে যে তারা পুরো বিষয়টি ছেড়ে দেওয়াই বুদ্ধিমানের কাজ মনে করবে। বিপরীতে, যদিও: ব্রিটিশ এবং আমেরিকানরা একটি বিশাল বিমান পরিবহনের উদ্বোধন করেছিল, শহরে সরবরাহের জন্য বিমান চালিয়েছিল - খাদ্য এবং গুরুত্বপূর্ণ প্রযুক্তি থেকে শুরু করে কয়লা পর্যন্ত সবকিছু। হয়তো এটি অতিরঞ্জিত প্রতিক্রিয়া ছিল, কিন্তু এর ফলে সোভিয়েত অবরোধকে ক্ষুদ্র, অর্থহীন—এবং সবচেয়ে বড় কথা, নিরর্থক [অসফল] বলে মনে হলো।

উৎস: Michael Kerrigan, *Stalin (স্তালিন)*, Amber Books, 2018

18 এই অনুচ্ছেদে বর্ণিত ঘটনাগুলো কোন সংঘাতের সময় ঘটেছিল?

(1) রুশ-জাপান যুদ্ধ
(2) প্রথম বিশ্বযুদ্ধ
(3) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
(4) স্নায়ু যুদ্ধ

19 এই লেখকের মতে, বার্লিন এয়ারলিফ্টের উদ্দেশ্য ছিল

(1) বার্লিনের জনগণের মধ্যে ভয় স্থাপন করা
(2) পশ্চিম বার্লিনবাসীদের জন্য প্রয়োজনীয় সম্পদ সরবরাহ করা
(3) পশ্চিম বার্লিন থেকে নাগরিকদের সরিয়ে নেওয়া
(4) প্রমাণ করা যে বার্লিন অবরোধ কার্যকর ছিল

20 এবং 21 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> "সকল পুরুষকে সমানভাবে সৃষ্টি করা হয়েছে। তাদের স্রষ্টা তাদের দিয়ে অক্ষয় কিছু অধিকার দিয়েছেন, যার মধ্যে রয়েছে জীবন, স্বাধীনতা এবং সুখের অনুসরণ।". . .
>
> এই অমর বক্তব্যটি 1776 সালে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণাপত্র থেকে নেওয়া হয়েছে। বিস্তৃত অর্থে, এর মানে হলো: "পৃথিবীর সকল জনগণ জন্ম থেকে সমান; প্রত্যেক ব্যক্তির জীবন যাপনের, সুখী ও স্বাধীন হওয়ার অধিকার রয়েছে।". . .
>
> এগুলো অস্বীকারযোগ্য সত্য।
>
> তারপরও, আঠারো বছরের বেশি সময় ধরে, ফরাসি ঔপনিবেশবাদীরা স্বাধীনতা, সাম্যতা, ও ভ্রাতৃত্বের মানদণ্ডের অপব্যবহার করে আমাদের পিতৃভূমিকে লঙ্ঘন করেছে এবং আমাদের সহজাত জনগণকে নিপীড়িত করেছে। রাজনীতির ক্ষেত্রে, তারা আমাদের জনগণকে সমস্ত গণতান্ত্রিক স্বাধীনতা থেকে বঞ্চিত করেছে।
>
> রাজনীতির ক্ষেত্রে, তারা আমাদের জনগণকে প্রতিটি গণতান্ত্রিক স্বাধীনতা থেকে বঞ্চিত করেছে।
>
> তারা অমানবিক আইন জারি করেছে; তারা উত্তর, কেন্দ্র ও দক্ষিণ ভিয়েতনামে তিনটি পৃথক রাজনৈতিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করেছে আমাদের জাতীয় ঐক্য ভেঙে ফেলার জন্য এবং আমাদের জনগণকে ঐক্যবদ্ধ হতে বাধা দেওয়ার জন্য।
>
> তারা স্কুলের চেয়ে বেশি কারাগার নির্মাণ করেছে। তারা নির্দয়ভাবে আমাদের দেশপ্রেমিকদের হত্যা করেছে; তারা আমাদের বিদ্রোহগুলোকে রক্তের স্রোতে ডুবিয়ে দিয়েছে। . . .

উৎস: Ho Chi Minh, "Declaration of Independence of the Democratic Republic of Vietnam"
(ভিয়েতনামের গণতান্ত্রিক প্রজাতন্ত্রের স্বাধীনতার ঘোষণাপত্র,) 2 সেপ্টেম্বর, 1945

20 এই ভাষণ লেখার জন্য লেখকের উদ্দেশ্য কোন বিবৃতিটি সবচেয়ে ভালো বর্ণনা করে?

(1) তিনি ফরাসিদের অবিচারকে তুলে ধরতে যুক্তি ও জ্ঞানের বিকাশের ধারণাগুলো ব্যবহার করছেন।
(2) তিনি ইন্দোচায়না ধারণার প্রতি তার প্রত্যাখ্যান প্রদর্শন করছেন।
(3) তিনি ইন্দোচাইনা শাসনের জন্য জাপানিদের সঙ্গে সহযোগিতা উদযাপন করছেন।
(4) তিনি ওয়ার্সো চুক্তিতে তাঁর যোগদানের ইচ্ছা ঘোষণা করছেন।

21 এই ভাষণের একটি ফলাফল কী ছিল?

(1) একটি বিচ্ছিন্নতার সময়কাল
(2) উত্তর কোরিয়ার আক্রমণ
(3) লাওস এবং কম্বোডিয়ার সংযুক্তি
(4) বিদেশী ক্ষমতার সাথে দশকব্যাপী সংঘর্ষ

22 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .আমি চাই তোমরা K.A.U. [কেনিয়া আফ্রিকান ইউনিয়ন]-এর উদ্দেশ্য জানো। এটি হলো আফ্রিকানদের সবচেয়ে বড় লক্ষ্য। এতে কেনিয়ার প্রতিটি আফ্রিকান জড়িত এবং এটি তাদের মুখপত্র, যা তাদের মুক্তির দাবি জানায়। K.A.U. হলো তোমরা আর তোমরাই K.A.U.। যদি আমরা এখন এক হই—প্রত্যেকে এবং প্রতিটি উপজাতি একে অপরের সঙ্গে—তাহলে আমরা এ দেশে সেই বিষয়ের বাস্তবায়ন ঘটাবো, যেটিকে ইউরোপীয়রা গণতন্ত্র বলে। সত্যিকারের গণতন্ত্রে কোনো বর্ণভেদ নেই। এটি কালো বা সাদা আলাদা করে না। আমরা এখানে এই মহাসমাবেশে K.A.U.-এর পতাকার নিচে জড়ো হয়েছি এই খুঁজে বের করার জন্য যে কোন পথ আমাদেরকে অন্ধকার থেকে গণতন্ত্রের দিকে নিয়ে যাবে। এটি খুঁজে পেতে আমাদের, আফ্রিকানদের, প্রথমত আমাদের নিজস্ব প্রতিনিধিদের নির্বাচিত করার অধিকার অর্জন করতে হবে। এটি নিঃসন্দেহে গণতন্ত্রের প্রথম নীতি। কেনিয়ার একমাত্র জাতি যারা আইনসভায় নিজস্ব প্রতিনিধি নির্বাচন করে না এবং আমরা এই পরিস্থিতি সংশোধন [সমাধান] করতে যাচ্ছি। . . .

উৎস: Jomo Kenyatta, Speech at the Kenya African Union Meeting (কেনিয়া আফ্রিকান ইউনিয়ন সভায় বক্তৃতা), 26 জুলাই, 1952

22 কোন বিবৃতিটি লেখকের দৃষ্টিভঙ্গি সবচেয়ে সঠিকভাবে বর্ণনা করে?

(1) গণতন্ত্রের ফলে অধিকার কমে যাবে।
(2) উপজাতিগত বৈষম্য গণতন্ত্রকে উৎসাহিত করে।
(3) ভোট গ্রহণ ইউরোপীয় উপনিবেশবাদের একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া।
(4) ভোটাধিকার অর্জন হল গণতন্ত্র প্রতিষ্ঠার প্রথম ধাপ।

23 ও 24 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন

. . .1963, সালে শাহ (Shah) তাঁর শ্বেত বিপ্লব ঘোষণা করেছিলেন, যা একটি কর্মসূচি ছিল যেখানে ভূমি সংস্কার, বন জাতীয়করণ, রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠান বেসরকারি খাতে বিক্রি, শিল্প শ্রমিকদের জন্য মুনাফা ভাগাভাগি পরিকল্পনা এবং গ্রামীণ অঞ্চলে নিরক্ষরতা দূর করতে একটি সাক্ষরতা বাহিনী গঠনের মতো পদক্ষেপ অন্তর্ভুক্ত ছিল। শ্বেত বিপ্লব ইরানি নারীকে ভোটাধিকার প্রদান করে, নারীদের ন্যূনতম বৈধ বিয়ের বয়স 18 বছরে উন্নীত করে এবং বিবাহবিচ্ছেদ ও সন্তান লালনপালনের বিষয়ে নারীর আইনি অধিকারকে শক্তিশালী করে। এই সংস্কারের বিরোধিতা করেছিলেন ইরানের কিছু আলেম সমাজ, বিশেষত আয়াতুল্লাহ খোমেইনি (Ayatollah Khomeini)। খোমেইনি (Khomeini) 1963 সালের 5 জুনের বিদ্রোহের নেতৃত্ব দেন, যেখানে তিনি শাহ (Shah) ও শ্বেত বিপ্লব-এর বিরোধিতা করেছিলেন। এই বিদ্রোহ চলাকালীন কর্তৃপক্ষ কোম শহরের এক মাদ্রাসায় ধর্মীয় ছাত্রদের প্রতিরোধ দমন করে, এবং কয়েকজন ছাত্র নিহত হন। খোমেইনি (Khomeini)-র কার্যকলাপের ফলে শেষ পর্যন্ত তাকে 1964 সালে ইরাকে নির্বাসনে যেতে হয়।

উৎস: Shiva Balaghi, “A Brief History of 20th Century Iran” (বিংশ শতাব্দীর ইরানের সংক্ষিপ্ত ইতিহাস), Grey Art Museum, New York University

23 একজন ইতিহাসবিদ এই অনুচ্ছেদটি বোঝার জন্য ব্যবহার করবেন যে কিভাবে

(1) তেল রফতানি ইরানের অর্থনীতি শক্তিশালী করেছিল
(2) শাহ (Shah) দ্বারা ইরানি সমাজে নারীদের ভূমিকা হ্রাস পেয়েছিল
(3) ইরানে ধনী ও গরিবের মধ্যে ব্যবধান সংস্কারের ফলে কমে গিয়েছিল
(4) ইরানের ঐতিহ্যগত জনগোষ্ঠী শাহ (Shah)-এর সংস্কারের প্রতি প্রতিক্রিয়া দিয়েছিল

24 এই অনুচ্ছেদে বর্ণিত সংস্কারের দীর্ঘমেয়াদী প্রভাব ছিল

(1) শাহ (Shah)-এর সরকার উৎখাত
(2) সকল ইরানিদের জন্য শান্তি ও অর্থনৈতিক সমৃদ্ধির একটি সময়কাল
(3) শাহ (Shah) সরকারের এবং ধর্মীয় নেতাদের মধ্যে একটি জোট
(4) ইরানে একটি স্থায়ী গণতন্ত্র সৃষ্টি

25 ও 26 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . কিন্তু অবশ্যই, আমি জানতাম যে এভাবে পাল্টা কথা বলা আমার পক্ষে একেবারে পাগলামি হতো। শিক্ষকের সঙ্গে বিরোধে জড়ালে সেটা আমাকে আরও বিপদেই ফেলবে। তাই জিহ্বার ডগায় যে কথাগুলো উথলে উঠছিল, সেগুলো গিলে ফেললাম এবং মাথা নিচু করলাম। উত্তপ্ত অশ্রু চোখে ভেসে উঠল। রাগের অশ্রু। লজ্জার অশ্রু। জোর করে চোখের জল আটকে রাখার জন্য আমি ঠোঁট কামড়ালাম। *দেখা যাক, শিক্ষক লিন (Teacher Lin)। একদিন আমি প্রতিশোধ নেবো। তোমার উপর!*
>
> এখন সময় এসেছিল দুর্বলদের কথা বলার, ন্যায় বিচার দাবি করার! তত্ক্ষনাত্, আমি একখানা ব্রাশকলম হাতে নিলাম, কালো কালি ডুবিয়ে একটি দীর্ঘ দাজিবাও [বড় অক্ষরে লেখা সমালোচন] লিখলাম। শিক্ষক লিন (Teacher Lin) আমাদের যে সব অলঙ্কারশাস্ত্র শিখিয়েছিলেন, তার কিছু ব্যবহার করে আমি তাকে অভিযুক্ত করলাম—তিনি ছাত্রদের প্রতি প্রলেতারীয় অনুভূতি থেকে বঞ্চিত, তাদেরকে শত্রু হিসেবে দেখেন এবং ভিন্নমতকে দমিয়ে রাখেন। লেখা শেষ হলে আমি সেটা সহপাঠীদের দেখালাম, তারা সমর্থন জানিয়ে তাতে নিজেদের নাম স্বাক্ষর করল। এরপর আমরা সেই *দাজিবাও (dazibao)* শিক্ষক লিন (Teacher Lin)-এর পাশের বাড়িতে গিয়ে তাঁর শোবার ঘরের দেওয়ালে সাঁটিয়ে দিলাম, যাতে তিনি দিনরাত মনোযোগ দিয়ে সেটি পড়তে বাধ্য হন। অবশ্যই, এটি কোনো ব্যক্তিগত প্রতিশোধ ছিল না। এটি ছিল চেয়ারম্যান মাও (Mao)-এর আহ্বানে সাড়া দিয়ে সংশোধনবাদী শিক্ষা-পদ্ধতির বিরুদ্ধে লড়াই। তাতে যদি এ সময়ে শিক্ষক লিন (Teacher Lin)-এর কয়েক রাতের ঘুম নষ্ট হয়, তবে তাই হোক! এই বিপ্লবের উদ্দেশ্য ছিল মানুষের "আত্মাকে স্পর্শ করা", বিশেষত অজনপ্রিয় কোনো শিক্ষকের ক্ষেত্রে। . . .

উৎস: Rae Yang, *Spider Eaters (স্পাইডার ইটারস)*, University of California Press, 2013

25 চীনের কোন ঐতিহাসিক উন্নতি এই অনুচ্ছেদে বর্ণিত হচ্ছে?

(1) সাংস্কৃতিক বিপ্লব নীতিমালা বাস্তবায়ন
(2) নানজিং চুক্তি স্বাক্ষরের প্রতি প্রতিক্রিয়া
(3) চারটি আধুনিকায়ন নীতির প্রতি অপছন্দ
(4) গণপ্রজাতন্ত্রী চীন এবং তাইওয়ানের গঠন

26 কোন পরিস্থিতি এই অনুচ্ছেদে বর্ণিত ঘটনাগুলির জন্য সবচেয়ে বেশি দায়ী?

(1) পশ্চিমা প্রভাব বলয়ের সৃষ্টি
(2) গ্রেট লিপ ফরোয়ার্ডের ব্যর্থতা
(3) ডেং শিয়াওপিং (Deng Xioping)-এর মৃত্যু
(4) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জাপানের দখলের অবসান

27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তর নিচের প্রবন্ধ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> ম্যালেরিয়ায় প্রতি বছর 400,000 মানুষের মৃত্যু হয়, যার অধিকাংশই সাহারা-উপসাহারীয় আফ্রিকায়। মশাবাহিত এই পরজীবীর বিরুদ্ধে লড়াইয়ের সর্বোত্তম উপায় হলো দ্রুত ও সঠিকভাবে রোগ নির্ণয়, চিকিৎসা এবং নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ। কিন্তু উগান্ডায়, যেখানে ম্যালেরিয়া মৃত্যুর অন্যতম প্রধান কারণ, সেখানে একটি সঠিক রোগনির্ণয় পাওয়া খুবই কঠিন। রক্ত পরীক্ষা সময়সাপেক্ষ এবং এর জন্য দক্ষ ল্যাব প্রযুক্তিবিদের প্রয়োজন হয়, যাদের ছোট চিকিৎসাকেন্দ্রগুলোতে—যেখানে অধিকাংশ মানুষ যান—সবসময় পাওয়া যায় না।
>
> তৃতীয়বার ভুল রোগনির্ণয়ের শিকার হওয়ার পর সফটওয়্যার ইঞ্জিনিয়ার ব্রায়ান গিট্টা (Brian Gitta) এ নিয়ে কিছু করার সিদ্ধান্ত নেন। "ক্লিনিকে যাওয়া, দীর্ঘ লাইনে দাঁড়ানো—এটা ছিল সম্পূর্ণ সময়ের অপচয়। আমি জানতাম। এর চেয়ে ভালো কোনো উপায় অবশ্যই থাকতে হবে।" গত ছয় বছর ধরে 27 বছর বয়সী তিনি চিকিৎসক, বিজ্ঞানী এবং সহকর্মী সফটওয়্যার ইঞ্জিনিয়ারদের সঙ্গে—যারা নিজেরাও এই রোগের মুখোমুখি হয়েছেন—একটি সহজ পদ্ধতি তৈরি করার জন্য কাজ করছেন, যাতে রক্তের নমুনা, মাইক্রোস্কোপ বা প্রশিক্ষিত প্রযুক্তিবিদ ছাড়াই ম্যালেরিয়া পরীক্ষা করা যায়।
>
> যা প্রয়োজন তা হলো তাঁদের নতুন উদ্ভাবন—একটি পোর্টেবল জুতার বাক্স-আকারের যন্ত্র, যার নাম তাঁরা রেখেছেন ম্যাটিস্কোপ (সোয়াহিলি ভাষার "চিকিৎসা" শব্দ থেকে)—এবং একটি স্মার্টফোন। ম্যালেরিয়ার মতো উপসর্গ, যেমন উচ্চ জ্বর, কাঁপুনি বা মাথাব্যথা থাকলে, রোগীরা আঙুলটিকে যন্ত্রটির খোপে রাখতে পারেন। এই যন্ত্রটি ম্যাগনেট এবং লাল আলোর রশ্মির সাহায্যে রক্তকণিকার পরিবর্তন শনাক্ত করে, যা ম্যালেরিয়া পরজীবীর কারণে ঘটে। ফলাফলগুলো স্মার্টফোনে বিশ্লেষিত হয়, রোগ নির্ণয় করা হয়, এবং যদি ম্যালেরিয়া ইতিবাচক ধরা পড়ে, তাহলে সেটি জাতীয় গ্রিডে আপলোড করা যায়, যাতে জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ মহামারির লক্ষণগুলো পর্যবেক্ষণ করতে পারে। এটি পুনঃব্যবহারযোগ্য এবং মাত্র দুই মিনিটে ফলাফল দেয়। . . .

উৎস: Aryn Baker, *Time (টাইম)*, অক্টোবর 2019

27 এই নিবন্ধে কোন সমস্যা বর্ণিত হচ্ছে?

(1) ক্লিনিক প্রযুক্তিবিদদের জন্য কাজের ঘাটতি
(2) স্বাস্থ্যকর্মীদের জন্য অনুপযুক্ত অর্থায়ন
(3) রোগ পরীক্ষা করার জন্য কার্যকর পদ্ধতির প্রয়োজনীয়তা
(4) উন্নয়নশীল বিশ্বের স্মার্টফোন প্রবেশাধিকারের অভাব

28 এই নিবন্ধে বর্ণিত সমস্যার সমাধানে কোন প্রতিক্রিয়া গ্রহণ করা হচ্ছে?

(1) আন্তর্জাতিক সহযোগিতা ব্যবহার করা
(2) স্থানীয় চাহিদা মেটাতে নতুন প্রযুক্তি উন্নয়ন
(3) সমস্যা মূল্যায়নের পারম্পরিক পদ্ধতির ওপর নির্ভরতা
(4) ওষুধে প্রবেশাধিকারের বৃদ্ধি করা

**নাম** ______________________________ **স্কুল** ______________________________

**প্রদত্ত স্থানে 29-34b প্রশ্নগুলির উত্তর লিখুন। এই প্রশ্নগুলির উত্তর দিতে কালো বা গাঢ় রঙের কালির পেন ব্যবহার করুন।।**

## ভাগ II

## নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নে (CRQ) অল্প কথায় উত্তর দিন

**নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নে (CRQ) অল্প কথায় উত্তর দিন এই প্রশ্নগুলি প্রদত্ত নথির ভিত্তিতে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার বিষয়ে আপনার দক্ষতা কেমন, সেটা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নের (CRQ) প্রতিটি সেট 2টি নথি দ্বারা গঠিত। এই প্রশ্ন তৈরি করার জন্য এদের মধ্যে কয়েকটি নথিকে সম্পাদন করা হয়েছে। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

অংশ II-এর উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলি অবশ্যই মনে রাখবেন:

**শনাক্ত করুন**—মানে হল একটা নাম দেওয়া বা উল্লেখ করা।

**ব্যাখ্যা করুন**—মানে হল সরল করে বলা বা বোধগম্য করে বলা; কোনো কিছুর কারণ বলা বা কারণ দর্শানো; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ক দেখানো।

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 1-এর কাঠামো**

- **প্রশ্ন** 29 **নথি** 1 **ব্যবহার করে** (**প্রসঙ্গ**)
- **প্রশ্ন** 30 **নথি** 2 **ব্যবহার করে** (**সূত্র**)
- **প্রশ্ন** 31 **নথি** 1 **ও** 2 **ব্যবহার করে** (**নথিগুলির মধ্যে সম্পর্ক**)

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 2-এর কাঠামো**

- **প্রশ্ন** 32 **নথি** 1 **ব্যবহার করে** (**প্রসঙ্গ**)
- **প্রশ্ন** 33 **নথি** 2 **ব্যবহার করে** (**সূত্র**)
- **প্রশ্ন** 34a **ও** 34b **নথি** 1 **ও** 2 **ব্যবহার করে** (**নথিগুলির মধ্যে সম্পর্ক**)

---

**CRQ *সেট 1-এর নির্দেশনা* (29-31):** নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে প্রদত্ত স্থান রয়েছে সেখানে সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দিন।

29 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

. . .1920,-এর দশকের শেষের দিকে, জোসেফ স্ট্যালিন (Joseph Stalin) সোভিয়েত ইউনিয়নের একক অপ্রতিদ্বন্দ্বী নেতা হিসেবে ক্ষমতা গেঁথে নিয়েছিলেন। 1928 সালে তিনি একটি কর্মসূচি চালু করেন যা ফসলি জমিকে সমবায় ভিত্তিতে আনার এবং জমির ব্যক্তিগত মালিকানা শেষ করার লক্ষ্যে কাজ করত। ইউক্রেনের কৃষকরা, যাদের সঠিক উর্বর মাটি থাকার কারণে সোভিয়েত ইউনিয়নের "রুটি পাত্র" বলা হয়, রাষ্ট্রকে তাদের জমি ছাড়তে এবং যৌথ খামারে যোগ দিতে প্রতিহত করেছিল।

স্ট্যালিন (Stalin)–এর নেতৃত্বাধীন সোভিয়েত রাষ্ট্র এই অবস্থার বিরুদ্ধে "ডেকুলাকাইজেশন" নামের একটি কর্মসূচি চালায়, যাতে কৃষক ও তাদের পরিবারকে বের করে দেওয়া হয়। "কুলাক" শব্দটির অর্থ রাশিয়াতে "মুঠো" এবং এটি ব্যবহৃত হত ব্যক্তিগত কৃষকদের বিরুদ্ধে একটি নেতিবাচক চিত্র আঁকার জন্য, যারা তাদের "মুঠো বন্ধ" রাখার কারণে সমাজতন্ত্র গঠনে অংশ নিতে ইনকার করতেন। এক মিলিয়নের অধিক ইউক্রেনীয় কৃষককে সোভিয়েত ইউনিয়নের দূরবর্তী অঞ্চলে নির্বাসিত করা হয়েছিল অথবা তাদেরকে গৃহহীন এবং বেকার রাখা হয়েছিল এই প্রক্রিয়ায়। . . .

উৎস: "Collectivization and the Holodomor" (কলেক্টিভাইজেশন্ এবং হলোদোমর),
The Henry M. Jackson School of International Studies, জুন 2017

29 সোভিয়েত ইউনিয়নের 1920-এর দশকের শেষের দিকে জমির যৌথ মালিকানা (কলেক্টিভাইজেশন) গঠনের পেছনে যে ঐতিহাসিক পরিস্থিতি কাজ করেছিল তা ব্যাখ্যা করুন। [1]

Score

30 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

1986 সালে, যুক্তরাষ্ট্রের কংগ্রেস ইউক্রেনীয় দুর্ভিক্ষ সম্পর্কিত কমিশন প্রতিষ্ঠা করে। কমিশনটি প্রতিনিধি পরিষদ, সিনেট, পররাষ্ট্র দপ্তর এবং ইউক্রেনীয়-আমেরিকান সম্প্রদায়ের সদস্যদের নিয়ে গঠিত ছিল। কমিশনটি 1932-1933 সালের যুক্রেনীয় দুর্ভিক্ষের অধ্যয়ন করতে এবং আমেরিকান জনগণ ও বিশ্বকে সোভিয়েত ইউনিয়নের ভূমিকা সম্পর্কে আরও ভালোভাবে বুঝতে সাহায্য করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। নিচের উদ্ধৃতিটি ইউক্রেনীয় দুর্ভিক্ষের একজন বেঁচে থাকা ব্যক্তির, মিসেস তাতিয়ানা পাওলিচকা (Tatiana Pawlichka), সাক্ষ্য থেকে নেওয়া।

> . . .1932, সালে আমার বয়স ছিল দশ বছর, আর আমি ভালোভাবেই মনে করতে পারি কী ঘটেছিল আমার জন্মগ্রামে, কিয়েভ অঞ্চলে। সেই বছরের বসন্তে আমাদের কাছে প্রায় কোনো বীজই ছিল না। কমিউনিস্টরা সব শস্য নিয়ে গিয়েছিল, আর যদিও তারা দেখেছিল যে আমরা দুর্বল ও ক্ষুধার্ত, তবুও তারা এসে আরও শস্য খুঁজতে লাগল। আমার মা কিছু ভুট্টা লুকিয়ে রেখেছিলেন যা ইতিমধ্যেই অঙ্কুরিত হয়েছিল, কিন্তু সেটিও তারা খুঁজে পেল এবং নিয়ে গেল। যা আমরা কোনোমতে বপন করতে পেরেছিলাম [গাছ লাগানো], ক্ষুধার্ত মানুষজন মাটি থেকে উপড়ে তুলে খেয়ে ফেলত।
>
> গ্রামগুলোতে এবং যৌথ খামারগুলোতে (আমাদের গ্রামে দুটি সমবায় ছিল), অনেক জমি অনাবাদী [চাষ না করা] পড়ে থাকত, কারণ মানুষের বপনের মতো কিছু ছিল না, আর বীজ বোনার মতো যথেষ্ট লোকও ছিল না। অধিকাংশ মানুষ হাঁটতেই পারত না, আর যারা পারত তাদের মধ্যে শক্তি ছিল না। ফসল কাটার সময় যখন স্থানীয় লোকেরাই ফসল কাটার জন্য যথেষ্ট ছিল না, তখন অন্য মানুষকে পাঠানো হতো যৌথ মালিকানাধীনে সাহায্য করার জন্য। এই মানুষগুলো রুশ ভাষায় কথা বলত, আর তাদের খাবার সরবরাহ দেওয়া হতো।
>
> ফসল কাটার পর গ্রামবাসীরা ক্ষেতে গিয়ে অবশিষ্ট শস্য [যা পড়ে থাকে] কুড়াতে চেষ্টা করত, আর কমিউনিস্টরা তাদের গ্রেপ্তার করত ও গুলি চালাত, তারপর সাইবেরিয়ায় পাঠিয়ে দিত। আমার খালা, তাতিয়ানা রুদেনকো (Tatiana Rudenko)-কে ধরে নিয়ে যাওয়া হয়েছিল। বলা হয়েছিল যে তিনি যৌথ খামারের সম্পত্তি চুরি করেছেন।
>
> সেই গ্রীষ্মে, সবজিগুলো ঠিকমতো পাকার সুযোগই পেল না—মানুষ সেগুলো মাটি থেকে টেনে তুলত—এখনও কাঁচা অবস্থাতেই—এবং খেয়ে ফেলত। মানুষ পাতা, হেঁয়োশাক, শিরিষ, পলুই ঘাসও খেত। শরৎ নাগাদ, কারও কাছে আর মুরগি বা গবাদি পশু কিছুই অবশিষ্ট ছিল না। এখানে-সেখানে, কারো না কারো কাছে কিছু আলু বা বিট ছিল। অন্য গ্রাম থেকে আসা লোকেরা একই গল্প শোনাত। তারা সর্বত্র ঘুরে বেড়াত খাবারের সন্ধানে। পথের ধারে তারা লুটিয়ে পড়ত, আর আমরা কেউই তাদের সাহায্য করার মতো কিছুই করতে পারতাম না। মাটি জমে যাওয়ার আগে তারা বরফে মৃত অবস্থায় পড়ে থাকত; অথবা, যদি তারা ঘরের ভেতরে মারা যেত, তখন তাদের টেনে নিয়ে যাওয়া হতো গরুর খামারে, আর তারা সেখানে বসন্ত পর্যন্ত জমে পড়ে থাকত। কেউ ছিল না কবর খোঁড়ার জন্য। . . .

উৎস: Commission on the Ukraine Famine (ইউক্রেন দুর্ভিক্ষ কমিশন]), 1986

30 এই উদ্ধৃতির ভিত্তিতে ব্যাখ্যা করুন কীভাবে লক্ষিত শ্রোতাদের মিসেস তাতিয়ানা পাওলিচকাকে (Ms. Tatiana Pawlichka) তার সাক্ষ্যে যে তথ্যগুলি অন্তর্ভুক্ত করতে প্রভাবিত করে। [1]

Score

31 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 ও 2 ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কারণ**—বলতে এমন বিষয়কে বোঝায়, যেটি কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে বা কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে অথবা কোনো কিছু বিকশিত হওয়ার পেছনে দায়ী থাকে।

**প্রভাব**—বলতে কোনো ঘটনা, ধারণা বা কিছুর বিকাশের পরিণাম (ফলাফল, প্রভাব, পরিণতি) বোঝায়।

31 এই নথিতে প্রাপ্ত কার্য-কারণ সম্পর্ক শনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 ***উভয়*** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করুন। [1]


Score

***CRQ সেট 2-এর নির্দেশনা*** **(32-34b):** নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে প্রদত্ত স্থান রয়েছে সেখানে সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দিন।


32 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

## নথি 1

**ইউরোপ, 1914**




**ইউরোপ, 1923**




উৎস: Abraham and Pfeffer, *Enjoying World History (বিশ্ব ইতিহাস উপভোগ করা)*, Amsco (অভিযোজিত)

**ভৌগোলিক প্রেক্ষাপট**—যেখানে এই ঐতিহাসিক পরিবর্তন/ঘটনা ঘটছে এবং কেন এটি সেখানে ঘটছে তা বোঝায়।

32 1914 সালের মানচিত্র এবং 1923 সালের মানচিত্রের মধ্যে সীমান্ত পরিবর্তনের ভৌগোলিক প্রেক্ষাপট ব্যাখ্যা করুন। [1]

________________________________________

________________________________________

________________________________________

Score

33 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

কংগ্রেসের ভদ্রলোকগণ:

. . .এটাই প্রয়োজন যে পৃথিবীকে এমনভাবে গড়ে তোলা হোক যাতে সেখানে নিরাপদ ও উপযোগীভাবে বেঁচে থাকা যায়; বিশেষ করে যাতে এটি প্রতিটি শান্তিপ্রেমী জাতির জন্য নিরাপদ হয়, যারা আমাদের জাতির মতো নিজেদের জীবন যাপন করতে চায়, নিজেদের প্রতিষ্ঠান নির্ধারণ করতে চায়, এবং পৃথিবীর অন্যান্য জনগণ থেকে জবরদস্তি ও স্বার্থপর আগ্রাসনের পরিবর্তে ন্যায়বিচার ও সুবিচারের নিশ্চয়তা পেতে চায়। পৃথিবীর সমস্ত জনগণ মূলত এই স্বার্থে অংশীদার, এবং আমাদের দৃষ্টিতে বিষয়টি স্পষ্ট যে, অন্যদের প্রতি ন্যায় করা না হলে আমাদের প্রতিও ন্যায় করা হবে না। সুতরাং পৃথিবীর শান্তির কর্মসূচিই আমাদের কর্মসূচি; এবং সেই কর্মসূচি, আমাদের কাছে একমাত্র সম্ভব কর্মসূচি, হলো নিম্নরূপ: . . .

X. অস্ট্রিয়া-হাঙ্গেরির জনগণ, যাদের জাতীয় জীবনে স্থান আমরা সুরক্ষিত ও নিশ্চিত দেখতে চাই, তাদের স্বশাসিত [স্বাধীন] উন্নয়নের সর্বাধিক স্বাধীন সুযোগ প্রদান করা উচিৎ।

XI. রুমানিয়া, সার্বিয়া এবং মন্টিনেগ্রো খালি করা উচিত; অধিকৃত অঞ্চলসমূহ ফেরত দেওয়া উচিত; সার্বিয়াকে সমুদ্রের সাথে অবাধ ও নিরাপদ প্রবেশাধিকারের নিশ্চয়তা দেওয়া উচিত; এবং বিভিন্ন বলকান রাষ্ট্রের পারস্পরিক সম্পর্ককে ঐতিহাসিকভাবেই প্রতিষ্ঠিত আনুগত্য ও জাতীয়তার ভিত্তিতে বন্ধুত্বপূর্ণ পরামর্শের মাধ্যমে নির্ধারণ করা উচিত; এবং বিভিন্ন বলকান রাষ্ট্রের রাজনৈতিক ও অর্থনৈতিক স্বাধীনতা ও আঞ্চলিক অখণ্ডতার আন্তর্জাতিক নিশ্চয়তাও প্রতিষ্ঠিত করা উচিৎ।

XII. বর্তমান অটোমান সাম্রাজ্যের তুর্কি অঞ্চলগুলোকে নিরাপদ সার্বভৌমত্বের নিশ্চয়তা দেওয়া উচিত, কিন্তু যেসব জাতি এখন তুর্কি শাসনের অধীনে আছে, তাদের জীবনযাপনের অখণ্ড নিরাপত্তা এবং স্বশাসিত উন্নতির একেবারেই বাধামুক্ত সুযোগ নিশ্চিত করা উচিত; এবং দারদানেলস প্রণালীকে আন্তর্জাতিক নিশ্চয়তার অধীনে সমস্ত জাতির জাহাজ ও বাণিজ্যের জন্য চিরস্থায়ীভাবে মুক্তপথ হিসেবে খোলা রাখা উচিৎ। . . .

উৎস: United States President Woodrow Wilson (যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন), "Fourteen Points" (চৌদ্দ পয়েন্ট), জানুয়ারি 8, 1918

33 এই উদ্ধৃতির উপর ভিত্তি করে, যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উইলসন (President Wilson)-এর ইউরোপ সম্পর্কে দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করুন যে সেখানে কী হওয়া উচিত। [1]

Score

34a এবং 34b নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 এবং 2 ***উভয়*** এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**মোড়**—হল একটি বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যার ফলে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয়েছিল। এই পরিবর্তন স্থানীয়, আঞ্চলিক, জাতীয় বা বৈশ্বিক হতে পারে।

34a–34b নিচে দেওয়া নথি 1 ও 2-এর ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তি করে উত্তর দিন:

a) নথি 1 ***এবং*** 2-এ যে ঐতিহাসিক পরিবর্তন দেখা যাচ্ছে, তার সাথে প্রত্যক্ষভাবে সংযুক্ত একটি মোড় শনাক্ত করুন। [1]

b) আপনি যে মোড় শনাক্ত করেছেন, সেটা কিভাবে উল্লেখযোগ্য পরিবর্তন সৃষ্টি করেছে, তা নথি 1 এবং 2-***এর*** থেকে প্রমাণ ব্যবহার করে ব্যাখ্যা করুন। [1]

34a Score

34b Score

## অংশ III

## (প্রশ্ন 35)

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা

প্রশ্নগুলি প্রদত্ত নথির ভিত্তিতে তৈরি। ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার বিষয়ে আপনার দক্ষতা কেমন, সেটা পরীক্ষা করার জন্য এই প্রশ্ন তৈরি করা হয়েছে। এই প্রশ্ন তৈরি করার জন্য এদের মধ্যে কয়েকটি নথিকে সম্পাদন করা হয়েছে। নথিপত্র বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করা যেতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি উপস্থাপনা করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

***নির্দেশনা:*** পাঁচটি নথির প্রতিটি পড়ে বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন, যাতে ভূমিকা, কয়েকটি অনুচ্ছেদ ও একটি উপসংহার থাকবে। আপনার সমাজবিদ্যার জ্ঞান এবং নথি থেকে প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য সহকারে উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি প্রতিবন্ধকতা বা সমস্যা যা দীর্ঘকাল ধরে আলোচিত বা বিতর্কিত। দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি সমস্যা, যেটি বহু সমাজে বিভিন্ন পর্যায়ের সফলতার সঙ্গে মোকাবিলা করার চেষ্টা করা হয়েছে।**

**কাজ:**

- এই নথির সেটগুলি থেকে প্রাপ্ত দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন ***এবং*** তার ব্যাখ্যা প্রদান করুন।
- এই সমস্যা গুরুত্বপূর্ণ কেন, তা যুক্তি দিয়ে বলুন ***এবং*** এত সময়কাল ধরে এই সমস্যা কীভাবে থেকে গেছে, তা সমাজবিদ্যার বিষয়ে আপনার জ্ঞান এবং নথি থেকে প্রমাণ ব্যবহার করে লিখুন।

**আপনার রচনায় অবশ্যই**

- *অন্তত* ***তিনটি*** নথি থেকে ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার ভিত্তিতে দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন
- অন্তত ***তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ সহ সমস্যাটি ব্যাখ্যা করুন।
- এই গুরুত্বপূর্ণ সমস্যাটি দীর্ঘকাল ধরে রয়েছে, তা এগুলির মাধ্যমে বলুন:
  – সমস্যাটি কীভাবে মানুষকে প্রভাবিত করেছে বা মানুষের দ্বারা প্রভাবিত হয়েছে
  – সমস্যাটি কীভাবে সমস্যা হিসাবেই রয়ে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে বাইরের থেকেও প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

অংশ III-এর উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলি অবশ্যই মনে রাখবেন:

**শনাক্ত করুন**—মানে হলো একটা নাম দেওয়া বা উল্লেখ করা।

**ব্যাখ্যা করুন**—মানে হল সরল করে বলা বা বোধগম্য করা বলা; কোনো কিছুর কারণ বলা বা কারণ দর্শানো; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ক দেখানো।

**যুক্তি দিন**—মানে হল এমন বিবৃতি প্রদান করা, যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

**নথি 1**

**সেন্ট ডোমিঙ্গুয়ের জনসংখ্যার ডেমোগ্রাফিক্স [হাইতি] (1789-1790)**

| **জনসংখ্যার বিভাজন** | **মুক্ত শ্বেতাঙ্গরা** | **মুক্ত রঙের মানুষ** | **ক্রীতদাস** |
|---|---|---|---|
| সর্বমোট = 560,000 | 32,000 | 28,000 | 500,000 |
| জনসংখ্যার শতাংশ | 6 | 5 | 89 |
| বৃদ্ধির হার (%/বছর) | 1.35 | 4.5 | 6 |
| দ্বিগুণ সময়* (বছর) | 52 | 16 | 12 |

উৎস: James E. McClellan III, *Colonialism & Science* (উপনিবেশবাদ এবং বিজ্ঞান), University of Chicago Press, 1992

*দ্বিগুণ সময় হলো একটি জনসংখ্যা দ্বিগুণ হতে যে পরিমাণ সময় লাগে।

## নথি 2

ফিলিপ রিভস (Philip Reeves) ভারতে ছিলেন এবং শিঙ্গারা সিং (Shingara Singh)-এর সাক্ষাৎকার নিয়েছিলেন। তিনি এই প্রতিবেদনটি জমা দিয়েছেন।

87 বছর ধরে, বাপু শিঙ্গারা সিং (Bapu Shingara Singh) তার মাথায় একটি ভয়ংকর ইতিহাস বহন করে আসছেন। সিং (Singh)-কে উত্তর ভারতের শিখদের পবিত্র শহর অমৃতসরে দখলদার সেনাবাহিনীর দ্বারা সংঘটিত নৃশংসতার শেষ জীবিত সাক্ষী বলে মনে করা হয়।

সিং (Singh)-এর বয়স যখন 20-এর কোঠার গোড়ার দিকে, তখন ব্রিটিশ বাহিনী একটি বিদ্রোহ দমন করার চেষ্টা করে নিরস্ত্র ভারতীয় বিক্ষোভকারীদের একটি বিশাল জনতার উপর গুলি চালায়।

1919 সালের ঘটনাটি ভারতের ইতিহাস এবং ইংল্যান্ডের সাম্রাজ্যবাদী কর্তৃত্বের পরিণামের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। বিশ্বের বেশিরভাগ মানুষ এটিকে ভুলে গিয়েছে, তবে এটি সিং (Singh)-এর বিশ্বদৃষ্টি ক্ষেত্রকে গড়ে তুলেছে. . .

রিভস (REEVES): সিং (Singh) বলেন রক্ত জলস্রোতের মতো বইছিল, গুলি উড়ছিল। সিং (Singh) বলেন তাঁর বয়স 100 বছরেরও বেশি। যখন তাঁর কুঁচকানো, জলে ভরা চোখ আর বিশাল সাদা দাড়ির দিকে আপনি তাকান, ব্যাপারটা একেবারেই সম্ভব বলে মনে হয়—এতে তাঁর বয়স এতটাই হবে যে তিনি ভারতীয়দের ভাষায় যেটিকে জালিয়ানওয়ালা [অমৃতসর] বলা হয়েছে। . . .

সৈন্যরা আমাদের দিকে এগিয়ে এলো, তিনি [শিঙ্গারা সিং (Shingara Singh)] বলেন, আর কোনো কথা না বলে গুলি চালানো শুরু করল। সে তার বাঁ হাতের জামার হাতা গুটিয়ে একটি বুলেটের ক্ষত দেখান। . . .

উৎস: Philip Reeves, "Amritsar Massacre a Fresh Memory for Last Witness" (অমৃতসর গণহত্যা শেষ সাক্ষীর নতুন স্মৃতি), *All Things Considered (অল থিংস কনসিডার্ড)*, NPR, 27 ডিসেম্বর, 2006 (অভিযোজিত)

## নথি 3

এটি লুং উং (Loung Ung)-এর একটি আত্মকথন থেকে একটি উদ্ধৃতি। এটিতে সে খমের রুজ (Khmer Rouge) শাসনের (1975–1979) সময়ে নিজের জীবন এবং তার পরিবারের জীবন বর্ণনা করে।

> . . .আমাদের পরিবারসহ অন্যান্য লক্ষ লক্ষ কম্বোডিয়ানদের মতো, আমাদের বাড়ি এবং সমস্ত সম্পদ ফেলে, আমাদের শহর ছেড়ে পালাতে বাধ্য করা হয়েছিলো। তিন বছর আট মাস একুশ দিন আমরা এমন গ্রামে থাকতে বাধ্য হয়েছিলাম যা শ্রম শিবিরের মতো, যেখানে প্রতিটি দিন ছিল সোমবার এবং প্রতিটি সোমবার কাজের দিন ছিল, ছয় বছর বয়স হোক বা ষাট বছর। আমাদের কারাগারের ভেতরে আমাদের আগের জীবন — ধর্ম, স্কুল, সংগীত, ঘড়ি, রেডিও, সিনেমা এবং টেলিভিশন — নিষিদ্ধ ছিল। আমাদের যাতায়াত, বন্ধুত্ব এবং পারিবারিক বা অ-পারিবারিক সম্পর্ক নিয়ন্ত্রণ করার জন্য নিয়ম ও আইন চালু করা হয়েছিল। খমের রুজ আমাদের পোশাক, কথা বলা, জীবনযাপন, কাজ, ঘুম এবং খাওয়ার নিয়ম নির্ধারণ করত।
>
> ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত আমরা খাল খুঁড়তাম, বাঁধ বানাতাম এবং ফসল ফলাতাম। আমাদের পেট যখন ক্ষুধায় ফুলে উঠছিল, তখন খমের রুজ সৈন্যরা বন্দুক হাতে জমি পাহারা দিত, যাতে আমরা কিছু চুরি না করতে পারি। আমরা যতই পরিশ্রম করি না কেন, আমাদের কখনো যথেষ্ট খাদ্যের নির্ধারিত পরিমাণ দেওয়া হতো না। আমরা সবসময় ক্ষুধার্ত ছিলাম এবং অনাহারের কষ্টে ভুগতাম। বেঁচে থাকার জন্য আমরা যা খাওয়া যায় তা-ই খেতাম, এমনকি অনেক কিছু যেগুলো খাওয়া মানুষের জন্য কখনোই উচিত নয়। আমরা পচা পাতা, মাটিতে পড়ে থাকা ফল আর খুঁড়ে তোলা শিকড় খেতাম। ফাঁদে ধরা পড়া ইঁদুর, কচ্ছপ আর সাপও নষ্ট হতো না, কারণ আমরা তাদের মগজ, লেজ, চামড়া আর রক্ত খেতাম। অবসর সময় পেলে আমরা ক্ষেতের চারদিকে ঘুরে ঘাসফড়িং, পোকা আর ঝিঁঝিঁপোকা শিকার করতাম।. . .

উৎস: Loung Ung, *Lucky Child (লাকি চাইল্ড)*, HarperCollins, 2005

## নথি 4

এই উদ্ধৃতি দক্ষিণ আফ্রিকায় প্রকাশিত একটি অলাভজনক কমিউনিটি পত্রিকা *(grassroots) গ্রাসরুটস* থেকে নেওয়া।

> কেপ টাউন সুপ্রিম কোর্টের সামনে প্রমাণিত হয়েছে যে, দক্ষিণ আফ্রিকায় কৃষ্ণাঙ্গদের হতাশ ও অমানবিক করে তোলার ক্ষেত্রে প্রবাহ [আন্দোলন] নিয়ন্ত্রণ এবং রঙিন শ্রম পছন্দ নীতি একটি প্রাসঙ্গিক [গুরুত্বপূর্ণ] ভূমিকা পালন করেছে।
>
> আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের গেরিলা অথবা গেরিলাদের সহযোগিতার অপরাধে দোষী সাব্যস্ত 13 জনের বিচারে, অন্তত ছয়জন অভিযুক্ত আদালতকে জানিয়েছিল যে কীভাবে সরকারের বর্ণভিত্তিক অভিবাসন নিয়ন্ত্রণ নীতির কারণে তাদের জীবনে নেতিবাচক প্রভাব পড়েছে।
>
> সাজি ভেল্টম্যান (Sazi Veldtman), ন্যাঙা এলাকার 29 বছরের এক ডাকঘর কর্মচারী, আদালতে শাস্তি লাঘব [হ্রাস] করার আবেদনে জানান, কীভাবে পাস আইনগুলো তার জীবনকে ব্যাহত করেছে, এমনকি ছোটবেলায়ও।
>
> তিনি বলেন, তার বয়স যখন নয় বছর, তখন দাদার মৃত্যুর অল্প কিছু পর তিনি কেপ টাউনে এসেছিলেন। তার মা মারা যান যখন তার বয়স দুই। দুই বছর ধরে, তাকে কেপ টাউন এলাকার স্কুলগুলোতে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছিল কারণ তাকে "অবৈধ" হিসেবে বিবেচনা করা হয়েছিল।
>
> যখনই পাস ল ইন্সপেক্টররা তার খালার বাড়িতে আসত, তখনই তাকে লুকিয়ে থাকতে হত।
>
> ভেল্ডম্যান (Veldtman) বলেছিলেন, তিনি 14 বছর বয়সে পাস না থাকার কারণে গ্রেপ্তার হয়েছিলেন। 16 বছর বয়সে তিনি পাসের জন্য আবেদন করেছিলেন, কিন্তু "এ মিস্টার ফুরী (Mr Fourie) নামের এক ব্যক্তির দ্বারা ওয়েস্টার্ন কেপ থেকে নির্বাসিত হওয়ার আদেশ পান, যিনি বলেছিলেন তিনি আমার গল্পে আগ্রহী নন, তিনি আমাদের বান্টুদের কাছ থেকে যথেষ্ট মিথ্যা শুনেছেন।"
>
> ভেল্ডম্যান (Veldtman) পাস আইনের অপমান ও কষ্টকে এভাবে বর্ণনা করেন: "রাতের মধ্যে দরজায় জোরে মোটা অশোভনীয় ধাক্কা লাগার ভয়, অসম্মানজনক তল্লাশির তিক্ত অপমান, স্বামী-স্ত্রীকে তাদের সন্তানদের সামনে বিছানা থেকে তুলে পুলিশ জেলে নিয়ে যাওয়ার লজ্জা"। . . .

উৎস: "Trialists Tell of Suffering Under Pass Law System" (ট্রায়ালিস্টরা পাস আইন ব্যবস্থার অধীনে তাদের কষ্টের কথা বলেছে) *Grassroots*, জুলাই 1987

**নথি 5**

বেইজিং এখানে এটি এখনো নীরবে "বার্ষিকী" নামে উল্লেখ করা হয়। চীনের ইন্টারনেটে "তিয়ানআনমেন স্কয়ার" শব্দগুলি খোঁজ করলে আপনি সম্ভবত কিছুই পাবেন না। ইভেন ওয়েইবোতেও, চীনের টুইটারের সমতুল্য যেখানে চীনা মানুষ ক্রমশ তাদের মতামত প্রকাশের জন্য যাচ্ছে, তিয়ানআনমেনের উল্লেখ খুবই কম। বাস্তবে, সামাজিক মাধ্যমে, সেই শব্দগুলো দেশের সেন্সররা ব্লক করেছে।

শুধুমাত্র "তিয়ানআনমেন" নয়, ওয়েইবোতে আরও অনেক শব্দ ব্লক করা হয়েছে। শব্দগুলো হলো: "আজ" এবং "জুন 4" এমনকি তারিখ/সংখ্যার চীনা অক্ষর "6-4" ও ব্লক করা হয়েছে। ওয়েইবোতে যদি আপনি এই শব্দগুলো অনুসন্ধান করেন, তাহলে আপনাকে এই উত্তর দেওয়া হবে: "প্রাসঙ্গিক আইন, নিয়মাবলী এবং নীতিমালা অনুযায়ী, অনুসন্ধানের ফলাফল দেখানো হয় না।"

আজ, জুন 4, [2013] বেইজিংয়ের কেন্দ্রে বর্বর গণহত্যার 24তম বার্ষিকী, যেখানে ট্যাঙ্ক এবং আসল্ট রাইফেল নিয়ে সজ্জিত সৈন্যরা সরকারের বিরোধী ছাত্র প্রতিবাদকারীদের ওপর কঠোরভাবে চাপ দিয়েছিল এবং তারা তিয়ানআনমেন স্কয়ারে ক্যাম্প গড়েছিল। অনেক বিস্তারিত এখনও রহস্যে ঘেরা আছে এমনকি মৃতদের সংখ্যা স্পষ্ট নয় এবং নিশ্চিতও নয়। বিশ্বাস করা হয় যে কয়েক শতাধিক মানুষ নিহত হয়েছে।

এক যুগে যখন চীনারা তাদের কন্ঠস্বর পাচ্ছেন, তিয়ানআনমেন স্কয়ারে ব্যাপারে তীব্র নীরবতা পালন করা হয়। অবশ্যই, ক্যাফে, অফিস এবং ট্যাক্সি চালকদের মধ্যে সাধারণ কথাবার্তা হয়, কিন্তু সরকারি এবং ইলেকট্রনিক মাধ্যমে এটি নীরব। . . .

উৎস: Seth Doane, "Tiananmen Square: Great Firewall All but Hides the 24th Anniversary of China Massacre," (তিয়ানআনমেন স্কয়ার: গ্রেট ফায়ারওয়াল প্রায় পুরোটাই লুকিয়ে রাখে চীনের গণহত্যার ২৪তম বার্ষিকী) CBS News Online, জুন 4, 2013

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

## ঐচ্ছিক পরিকল্পনার পৃষ্ঠা

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা পরিকল্পনার পৃষ্ঠা

আপনি চাইলে আপনার উত্তর ভাবার জন্য প্ল্যানিং পেজ অর্গানাইজার ব্যবহার করতে পারেন, কিন্তু এই পৃষ্ঠায় আপনার রচনার উত্তর লিখবেন না। এই পরিকল্পনার পৃষ্ঠায় লিখলে তা আপনার চূড়ান্ত স্কোরে গণনা করা হবে **না**।

আমার স্থায়ী সমস্যা হল: ______________________________

| রচনার প্রয়োজনীয়তা | হ্যাঁ | যে নথি লাগবে সেটার চারপাশে বৃত্ত আঁকুন | বাইরের তথ্যের জন্য একটি বা দুটি সম্ভাব্য ধারণা দিন |
|---|---|---|---|
| এই সমস্যাটি কি *অন্তত* ***তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন নথিগুলি এই সমস্যা সমর্থন করছে? | | 1 2 3 4 5 | |
| এই সমস্যা নিয়ে ব্যাখ্যা তৈরি করতে কোন কোন নথি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| সমস্যাটি কি মানুষকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করেছে বা মানুষের দ্বারা প্রভাবিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলিতে আপনি তা দেখেছেন? | | 1 2 3 4 5 | |
| এই সমস্যা কি দীর্ঘ সময় ধরে রয়ে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলিতে আপনি তা দেখেছেন? | | 1 2 3 4 5 | |

কাজটি পর্যালোচনা করার জন্য আবার পৃষ্ঠা **24**-এ ফিরে যান।

রচনা পুস্তিকাটির লাইন টানা পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত হয়েছে

GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION